



তথ্যবিবরণী

নম্বর-২৮৮

বিএসটিআই'র অনুমোদনবিহীন বেকারী ও আইসক্রিম ফ্যাক্টরীকে জরিমানা

রাজশাহী, ২১ জ্যৈষ্ঠ (০৪ জুন) :

আজ মঙ্গলবার (৪ জুন) বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই)- এর উদ্যোগে রাজশাহী জেলার তানোর উপজেলায় একটি ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়। এতে বিএসটিআই'র গুণগত মানসনদ ছাড়াই অত্যন্ত অস্বাস্থ্যকর পরিবেশে বিস্কুট, পাউরুটি ও কেক উৎপাদন ও বিক্রয় করায় তানোর গোলাপাড়া এলাকার মেসার্স স্বপ্ন বেকারীকে ৫,০০০/- (পাঁচ হাজার টাকা) জরিমানা করা হয় এবং উৎপাদনে ব্যবহৃত নন-ফুডগ্রেড রং ও ফ্লেভার জন্মপূর্বক ধ্বংস করা হয়।

এছাড়া একই এলাকায় অবৈধভাবে ও অত্যন্ত অস্বাস্থ্যকর পরিবেশে আইসক্রিম উৎপাদন করায় মেসার্স সাগরিকা আইসক্রিম ফ্যাক্টরীকেও ৫,০০০/- (পাঁচ হাজার টাকা) জরিমানা করা হয় এবং কারখানাটি সিলগালা করে দেয়া হয়। সেই সাথে কোনো প্রকার দুধ ছাড়াই শুধুমাত্র আটা, দূষিত পানি ও নন-ফুডগ্রেড রং দিয়ে তৈরি প্রায় ৮০০ পিস আইসক্রিম ধ্বংস করা হয়।

তানোর উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ মোস্তাফিজুর রহমানের নেতৃত্বে পরিচালিত উক্ত ভ্রাম্যমাণ আদালতে প্রসিকিউটর হিসেবে দায়িত্ব পালন করেন বিএসটিআই বিভাগীয় কার্যালয়ের কর্মকর্তা প্রকৌশলী জুনায়েদ আহমেদ। এসময় তানোর থানা পুলিশ ও আনসার সদস্যরা আইনশৃঙ্খলা রক্ষার দায়িত্ব পালন করেন।

জনস্বার্থে বিএসটিআই'র এধরণের অভিযান নিয়মিতভাবে অব্যাহত থাকবে বলে বিএসটিআই এর পক্ষ থেকে জানানো হয়।

.....
তৌহিদ/আতিক/আরিফ/রুহুল/২০২৪/১৬:১০ঘ.